

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির 'গণমাধ্যম: প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত



২১ জুন ২০২১ সোমবার, রাত ৮টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ১৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অনলাইন প্ল্যাটফর্ম জুমে 'গণমাধ্যম: প্রেক্ষিত বাংলাদেশ' শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

ওয়েবিনারে সাংবাদিক সমিতির আহ্বায়ক লতিফুল ইসলাম-এর সভাপতিত্বে এবং সদস্য সচিব আহসান জোবায়ের-এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও সাংবাদিক প্রতিনিধিবৃন্দ।



উল্লেখ্য, এর আগে দুপুর ২টায় সমিতির কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির ১৫ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে উপাচার্য কেক কেটে এবং শহীদ সাংবাদিক সেলিনা পারভীন স্মৃতি পাঠাগারের উদ্বোধন করেন।